২|৭|২০০০
তারিখ ........
পৃঃ ১২ কলাম ৪

দৈনিক সংবাদ

# ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস আজ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আজ রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। ১৯২১ সালের এই দিনে ৩টি অনুষদ (কলা, বিজ্ঞান ও আইন), ১২টি বিভাগ, ৬০ জন শিক্ষক এবং ৮৭৭ জন ছাত্রছাত্রী নিয়ে যাত্রা শুরু করে, ঢাকা বিশ্ববিদ্যালয় ৮০ বছর অতিক্রম করল। নানা চড়াই-উৎরাই অতিক্রম করে ঢাকা বিশ্ববিদ্যালয় আজকের স্থানে আসীন হয়েছে।

বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৯টি বিভাগ, ৮টি ইনস্টিটিউট, ১৯টি গবেষণা কেন্দ্র, ১৪০০ জন শিক্ষক এবং ২৮ হাজার ছাত্রছাত্রীর এক বিরাট পরিবার। প্রতিষ্ঠালগ্ন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় দেশের বিভিন্ন আন্দোলন-সংগ্রামে অংশগ্রহণ করে আসছে। ১৯৫২ সালে ভাষা আন্দোলন থেকে '৯০-এর স্বৈরাচার পতন আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা ছিল অগ্রগামী।

এদিকে, ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৭ দিনব্যাপী কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছেন। এই কর্মসূচি আজ থেকে শুরু হওয়ার কথা থাকলেও অনিবার্য কারণবশত তা স্থগিত করে আগামী ৫ই জুলাই থেকে শুরু হওয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।